The Daily Star
THURSDAY, 27 OCTOBER 2022

# Rationalise tariff to fight post-LDC challenges

## DCCI says

STAR BUSINESS REPORT

The government should rationalise the existing tariff structure, as Bangladesh will face a few challenges in case of giving subsidies after its graduation to a developing nation, said Rizwan Rahman, president of Dhaka Chamber of Commerce and Industry (DCCI).

He spoke at a workshop on "Competitive tariff structure: post-LDC graduation context" organised by the Dhaka Chamber at its office in the capital yesterday.

After the LDC graduation, Bangladesh will have to pay 8 to 16 per cent duty to the export destination countries, he said.

"Moreover, we will not be able to impose any supplementary and regulatory duty to safeguard local industries, which is going to be a challenge."

At present, the average tariff structure in Bangladesh is about 13.5 per cent, which is higher than Vietnam, Taiwan and Malaysia, Rahman said.

"We need to prepare ourselves in terms of enhancing productivity, cost minimisation, industry skills development, ease of doing business and cost of doing business."

The Business Post
THURSDAY, 27 OCTOBER 2022

# Speakers call for competitive, rationalised tariff structure

**Staff Correspondent**

Speakers at a workshop on Wednesday urged the government to rationalise the existing tariff structure and make it competitive for the post Least Developed Country (LDC) period.

Speakers came up with the request at a workshop on "Competitive tariff structure: post–LDC graduation context" organised by the Dhaka Chamber of Commerce and Industry (DCCI), said a press release.

"After the LDC graduation, Bangladesh will have to pay 8 per cent to 16 per cent duty to the countries where we export. Moreover, we will not be able to impose any supplementary (SD) and regulatory duty (RD) to safeguard local industries which is going to be a challenge", said President of Dhaka Chamber Rizwan Rahman in his speech.

At present Bangladesh's average tariff structure is about 13.5 per cent which is higher than Vietnam, Taiwan and Malaysia, he said, adding that, "We need to prepare ourselves in terms of enhancing productivity, cost minimisation, industry skill development, ease of doing business and cost of doing business."

Md Mashiul Alam, joint chief of Bangladesh Tariff Commission who presented the keynote paper, highlighted that Bangladesh is a resilient country.

"Last year our export was USD 50 billion. Even after LDC graduation, Bangladesh has the capacity to adopt the challenges. But from now we have to go for regional integration for PTA, FTA and CEPA with potential trading partners to hold the market access", he suggested.

"It is true that our tariff line is not very competitive and higher than many other countries, therefore we have no alternative but rationalise it. In that case sectoral tariff policy for at least five years will be helpful for our exporters and importers", he added.

Member of Bangladesh Trade and Tariff Commission Shis Haider Chowdhury said that including government and private sector should work jointly to make the tariff structure competitive.

He said Bangladesh is going to be graduated from LDC in 2026 which is a good news for the country but recently Bangladesh is going through a tough time due to Covid-led pandemic, Russia-Ukraine war, worldwide economic recession and natural disaster.

"Previously we were reluctant about FTA but now government is doing few studies to go for PTA and FTA. Our tax to GDP ratio is only 7.9 per cent which is not expected.", he said, suggesting that, after the graduation Bangladesh will have to go for tariff rationalisation at the same time country will have to concentrate on VAT and tax collection to balance revenue generation.

the daily observer
We stand for people's rights
THURSDAY, 27 OCTOBER 2022

# BD-Vietnam bilateral trade should cross $2b: DCCI

**Business Correspondent**




**DCCI President Rizwan Rahman addressing Vietnamese trade delegation in Dhaka on Tuesday.**

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) President Rizwan Rahman said the bilateral trade with Vietnam can be enhanced to US$2 billion rationalising the trade gap through mutual cooperation, exchange of business delegation and joint research.

DCCI president made the observation during a business networking meeting and B2B match-making between the DCCI and the visiting 31-member business delegation from Vietnam at DCCI in the city on Tuesday, said a press release.

Deputy Director General of the Ministry of Industry and Trade of Vietnam Do Quoc Hung is leading the Vietnamese business delegation to Bangladesh. Ambassador of the Embassy of Vietnam in Bangladesh Pham Viet Chien was also present during the meeting.

Rizwan Rahman said Bangladesh and Vietnam have been growing remarkably in the recent decades taking initiatives to strengthen economic cooperation in the recent years.

"The bilateral trade between Bangladesh and Vietnam reached $739.89 million in FY2021 where our export was $61.29 million and import was $678.6 million. The bilateral trade can be enhanced $ 2 billion rationalizing the trade gap through mutual cooperation, exchange of business delegation and joint research," he added.

He urged the Vietnamese investors to take the dividend of our existing competitive trade and investment ambiance in the form of investment, joint ventures and technology transfer in agro processing, shipbuilding, electronics, textile, pharmaceuticals, leather, jute, ceramics, light-engineering industries, Economic zones and Hi-tech parks. To ensure the win-win trade relation, Bangladesh can be included as the member in the Regional Comprehensive Economic Partnership (RCEP) and ASEAN, he added.

Pham Viet Chien said, "Bangladesh is a potential business partner of Vietnam. Even in the post-pandemic era, the bilateral relation between Bangladesh and Vietnam got much deeper."

He said that in the first nine month of this year the both-way trade crossed $1.1 billion and it is growing day by day. He hoped that the B2B arranged by Dhaka Chamber will pave the way to enhance linkages between the businessmen. He invited Bangladeshi entrepreneurs to invest in Viet Nam and they are ready to share experience and views with the Bangladeshi counterparts.

Do Quoc Hung said lack of linkages between both parties are responsible for lower trade. He thus suggested more exchange of delegation. He said Bangladesh and Vietnam maintain a good inter-complementary trade relation where both the countries do not have to compete with each other.

Vietnam has already implemented 15 Free Trade Agreements, he added.

He said the more we can arrange B2B, the more opportunity will be created for businesses.

DCCI Senior Vice President Arman Haque, President of Bangladesh-Viet Nam Chamber of Commerce S M Rahman also spoke on the occasion.

Later, about one hundred member companies of DCCI took part in an interactive B2B session with 31 visiting Vietnamese companies.

TRUE & IMPARTIAL
daily sun
THURSDAY, 27 OCTOBER 2022

# Call for rationalised tariff for post-LDC time

## Speakers say at DCCI workshop




**Dhaka Chamber of Commerce and Industry (DCCI) President Rizwan Rahman speaks at a workshop on 'Competitive Tariff Structure: Post-LDC Graduation Context' organised by DCCI in the capital on Wednesday.**

SPECIAL CORRESPONDENT

**Speakers** at a workshop called for a competitive and rationalised tariff structure for the post-LDC period.

After the graduation from least-developed country (LDC), Bangladesh will have to face a few challenges such as not being able to give subsidies, impose supplementary duty or regulatory duty, and pay royalty for patent for medicines, increase value addition of the products under rules of origin, they said.

In view of this context,the country will have to rationalise the existing tariff structure, the speakers said.

The workshop on "Competitive tariff structure: post-LDC graduation context" was organised by Dhaka Chamber of Commerce & Industry (DCCI) on Wednesday in Dhaka.

DCCI President Rizwan Rahman said, "After the LDC graduation, Bangladesh will have to pay 8 percent See page Biz-3 to 16 percent duty to the countries where we export." "Moreover, we will not be able to impose any supplementary (SD) and regulatory duty (RD) to safeguard local industries which is going to be a challenge," he said.

Rizwan Rahman added, "At present our average tariff structure is about 13.5 percent which is higher than Viet Nam, Taiwan and Malaysia. We need to prepare ourselves in terms of enhancing productivity, cost minimisation, industry skill development, ease of doing business and cost of doing business."

Md. Mashiul Alam, Joint Chief of Bangladesh Tariff Commission, presented the keynote paper. He highlighted that Bangladesh is a resilient country and its export was $ 50 billion last year.

"Even after LDC graduation, Bangladesh has the capacity to adopt the challenges. But from now we have to go for regional integration for PTA, FTA and CEPA with potential trading partners to hold the market access," he said. "It is true that our tariff line is not very competitive and is higher than many other countries, therefore we have no alternative but to rationalise it. In that case sectoral tariff policy for at least five years will be helpful for our exporters and importers," he added.

Shis Haider Chowdhury, Member of Bangladesh Trade and Tariff Commission, said that the government and private sector should work jointly to make the country's tariff structure competitive.

He said, "Bangladesh is going to graduate from LDC in 2026. That is good news for the country but recently we are going through a tough time due to the Covid pandemic, Russia-Ukraine war, worldwide economic recession and natural disaster."

"Previously we were reluctant about FTA but now the government is doing few studies to go for PTA and FTA."

He added, "Our tax to GDP ratio is only 7.9 percent which is not expected. After graduation, we will have to go for tariff rationalisation. At the same time we will have to concentrate on VAT and tax collection to balance revenue generation."

Farhana Iris, Director-3 (Joint Secretary), WTO Cell, Ministry of Commerce, said, "We have to increase our exports in line with tariff rationalisation."

NEW AGE
THURSDAY, 27 OCTOBER 2022 THE OUTSPOKEN DAILY

POST-LDC

# Businesses for competitive tariff structure

Bangladesh Sangbad Sangstha · Dhaka

BUSINESSES at a workshop Wednesday underscored the need for competitive and rationalised tariff structure for the post-LDC period.

They made the observation at a workshop on 'Competitive tariff structure: post-LDC graduation context' organised by Dhaka Chamber of Commerce and Industry in the city, said a press release.

In his speech, DCCI president Rizwan Rahman said that after the LDC graduation, Bangladesh would have to pay 8 to 16 per cent duty to the countries where the country exported.

'Moreover, we will not be able to impose any supplementary and regulatory duty to safeguard local industries which is going to be a challenge. At present, our average tariff structure is about 13.5 per cent which is higher than Vietnam, Taiwan and Malaysia. We need to prepare ourselves in terms of enhancing productivity, cost minimisation, industry skill development, ease of doing business and cost of doing business,' he added.

Joint chief of Bangladesh Tariff Commission Md Mashiul Alam presented the keynote paper.

He highlighted that Bangladesh was a resilient country and last year, the country's export was $50 billion.

'Even after LDC graduation, Bangladesh has the capacity to adopt the challenges. But from now we have to go for regional integration for PTA, FTA and CEPA with potential trading partners to hold the market access. It is true that our tariff line is not very competitive and is higher than many other countries, therefore we have no alternative but rationalize it. In that case sectoral tariff policy for at least five years will be helpful for our exporters and importers,' he added.

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
বৃহস্পতিবার, ২৭ অক্টোবর ২০২২

# এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় শুল্ক কাঠামোর আমূল সংস্কার জরুরি

## ঢাকা চেম্বারের কর্মশালায় বক্তারা

■ ইত্তেফাক রিপোর্ট

এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার জরুরি। নীতিমালা সহজীকরণ, দক্ষতা উন্নয়ন, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে অগ্রাধিকার বাণিজ্য চুক্তি (পিটিএ) এবং মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) স্বাক্ষর জরুরি। গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'প্রতিযোগিতামূলক শুল্ক কাঠামো : প্রেক্ষিত স্বল্পোন্নত দেশের উত্তরণ' শীর্ষক কর্মশালায় চেম্বার সভাপতি রিজওয়ান রাহমান এ কথা বলেন। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের যুগ্ম-প্রধান মো. মশিউল ইসলাম, যেখানে নির্ধারিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের সদস্য শীষ হায়দার চৌধুরী, এনডিসি, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব (ডব্লিউটিও সেল, পরিচালক-৩) ফারহানা আইরিছ এবং জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) প্রথম সচিব (শুল্ক রেয়াত ও প্রকল্প সুবিধা) ড. মো. নিয়োমুল ইসলাম।




উদ্বোধনী বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বলেন, এলডিসি উত্তরণের পর আন্তর্জাতিক বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ শুল্কমুক্ত সুবিধা হারাবে এবং দেশে উৎপাদিত পণ্য বহির্বিশ্বে রপ্তানির ক্ষেত্রে প্রায় ৮ শতাংশ থেকে ১৬ শতাংশ শুল্ক প্রদান করতে হবে, যা আমাদের রপ্তানির সক্ষমতাকে মারাত্মকভাবে ব্যাহত করবে। তিনি বলেন, স্থানীয় শিল্পের সুরক্ষায় পণ্য আমদানির ক্ষেত্রে বর্তমানে চলমান নিয়ন্ত্রণমূলক শুল্ক কাঠামোতে উল্লেখজনক হারে পরিবর্তন নিশ্চিত করতে হবে। একই সঙ্গে আমাদের স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং পণ্য বহুমুখীকরণের মাধ্যমে ভ্যালু এডিশন নিশ্চিতকরণের কোনো বিকল্প নেই। দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার করতে হবে। অটোমেশন নিশ্চিতকরণ, নীতিমালা সহজীকরণ, দ্রুততম সময়ে ও হয়রানিমুক্তভাবে উদ্যোক্তাদের সরকারি সেবা প্রাপ্তি নিশ্চিত করতে হবে।

মূল প্রবন্ধে মো. মশিউল ইসলাম বলেন, গত অর্থবছর বাংলাদেশ ৫২ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য রপ্তানি করেছে এবং সর্বোচ্চ রপ্তানিকৃত ২০টি পণ্যের মধ্যে ১৮টিই শুল্ক ও কোটামুক্ত সুবিধা ভোগ করেছে। এলডিসি উত্তরণের পর আমাদের উদ্যোক্তারা এ সুবিধা প্রাপ্তি হতে বঞ্চিত হবেন, এমতাবস্থায় বৈশ্বিক বাজারের চ্যালেঞ্জ মোকাবিলায় বেসরকারি খাতকে দক্ষতা ও সক্ষমতা বাড়াতে এখনই কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।

শীষ হায়দার চৌধুরী বলেন, বাস্তবভিত্তিক শুল্ক কাঠামো প্রণয়নে দেশের সরকারি ও বেসরকারি খাতকে একযোগে কাজ করতে হবে। কোভিড মহামারি, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ এবং বৈশ্বিক অর্থনৈতিক মন্দা অবস্থা বাংলাদেশের এলডিসি উত্তরণের পরিস্থিতিতে জটিল করেছে। তিনি জানান, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে এফটিএ এবং পিটিএ স্বাক্ষরের লক্ষ্যে সরকার বেশকিছু গবেষণা পরিচালনা করেছে। তিনি আরো বলেন, আমাদের জিডিপিতে করের অবদান মাত্র ৭ দশমিক ৯ শতাংশ, যা মোটেই গ্রহণযোগ্য নয় এবং এলডিসি উত্তরণের পর রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণে সরকারকে আরো অধিক হারে ভ্যাট ও কর আহরণের ওপর নজর দিতে হবে।

বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব ফারহানা আইরিছ বলেন, ভুটান, নেপাল এবং শ্রীলঙ্কার সঙ্গে এফটিএ স্বাক্ষরের লক্ষ্যে সরকার গবেষণা চালিয়ে যাচ্ছে। এনবিআরের প্রথম সচিব ড. মো. নিয়োমুল ইসলাম বলেন, বর্তমানে দেশের মোট রাজস্বের ৩৪ শতাংশ আসে আমদানি শুল্ক হতে এবং এলডিসি উত্তরণ চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশকে আমদানি শুল্ক হার উল্লেখজনক হ্রাস করতে হবে, সেক্ষেত্রে ভ্যাট ও আয়করের ওপর বেশি হারে প্রাধান্য দিতে হবে। তিনি জানান, চলতি অর্থবছরের বাজেটে ছয়টি পণ্যের আমদানি শুল্ক হার কমানো হয়েছে এবং আরো ৬০টি পণ্যের আমদানি শুল্ক হ্রাসের লক্ষ্যে এনবিআর কাজ করছে।

অসংকোচে প্রকাশের দুরন্ত সাহস
সমকাল
বৃহস্পতিবার, ২৭ অক্টোবর ২০২২

## ঢাকা চেম্বারের কর্মশালায় বক্তারা

# শুল্ক কাঠামোয় আমূল সংস্কার জরুরি

■ সমকাল প্রতিবেদক

স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার জরুরি। এ ছাড়া সংশ্লিষ্ট বিভিন্ন নীতিমালা সহজ করা, বেসরকারি খাতের দক্ষতা ও সক্ষমতা বাড়ানো, রপ্তানি পণ্যের বহুমুখীকরণ, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তি (পিটিএ) ও মুক্তবাণিজ্য চুক্তি (এফটিএ) সই করা দরকার।

গতকাল বুধবার রাজধানীতে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'প্রতিযোগিতামূলক শুল্ক কাঠামো : প্রেক্ষিত স্বল্পোন্নত দেশের উত্তরণ' শীর্ষক কর্মশালায় বক্তারা এসব কথা বলেন।

উদ্বোধনী বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বলেন, এলডিসি থেকে উত্তরণের পর আন্তর্জাতিক বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ শুল্কমুক্ত সুবিধা হারাবে। দেশে উৎপাদিত বিভিন্ন পণ্য বহির্বিশ্বে রপ্তানির ক্ষেত্রে ৮ থেকে ১৬ শতাংশ শুল্ক প্রদান করতে হবে, যা আমাদের রপ্তানির সক্ষমতাকে মারাত্মকভাবে ব্যাহত করবে।

তিনি বলেন, স্থানীয় শিল্পের সুরক্ষায় পণ্য আমদানির ক্ষেত্রে নিয়ন্ত্রণমূলক শুল্ক কাঠামোতে উল্লেখজনক হারে পরিবর্তন নিশ্চিত করতে হবে। একই সঙ্গে স্থানীয় উদ্যোক্তা ও শ্রমিকদের দক্ষতা-সক্ষমতা বাড়ানো এবং পণ্য বহুমুখীকরণের মাধ্যমে মূল্য সংযোজন নিশ্চিতকরণের কোনো বিকল্প নেই। রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার ও অটোমেশন নিশ্চিতকরণ, নীতিমালা সহজীকরণ, দ্রুত ও হয়রানিমুক্তভাবে উদ্যোক্তাদের সরকারি সেবাপ্রাপ্তি, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে পিটিএ এবং এফটিএ স্বাক্ষরের উদ্যোগ নেওয়া দরকার।

মূল প্রবন্ধে বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের যুগ্ম প্রধান মো. মশিউল ইসলাম বলেন, গত অর্থবছর বাংলাদেশ ৫২ বিলিয়ন ইউএস ডলারের পণ্য রপ্তানি করেছে। সর্বোচ্চ রপ্তানিকৃত ২০টি পণ্যের মধ্যে ১৮টিই শুল্ক ও কোটামুক্ত সুবিধা পেয়েছে। এলডিসি উত্তরণের পর আমাদের উদ্যোক্তারা এ সুবিধা প্রাপ্তি হতে বঞ্চিত হবেন। তাই বেসরকারি খাতকে দক্ষতা ও সক্ষমতা বাড়াতে এখনই কার্যকর উদ্যোগ নিতে হবে। ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবিলায় 'ন্যাশনাল ট্যারিফ পলিসি' প্রণয়নের পরামর্শ দেন তিনি।

বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের সদস্য শীষ হায়দার চৌধুরী বলেন, বাস্তবভিত্তিক শুল্ক কাঠামো প্রণয়নে সরকারি ও বেসরকারি খাতকে একযোগে কাজ করতে হবে।

বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ফারহানা আইরিছ জানান, ভুটান, নেপাল ও শ্রীলংকার সঙ্গে এফটিএ স্বাক্ষরের বিষয়ে পর্যালোচনা চলছে।

এনবিআরের প্রথম সচিব ড. মো. নেয়ামুল ইসলাম বলেন, এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় আমদানি শুল্ক হ্রাস করতে হবে। সে ক্ষেত্রে ভ্যাট ও আয়করের ওপর প্রাধান্য দিতে হবে। তিনি জানান, আরও ৬০টি পণ্যের আমদানি শুল্ক হ্রাস বিষয়ে এনবিআর কাজ করছে।

সমকাল

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
বৃহস্পতিবার, ২৭ অক্টোবর ২০২২




# এলডিসি উত্তরণে রাজস্ব সংস্কার জরুরি : ডিসিসিআই

**নিজস্ব প্রতিবেদক :** এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার, নীতিমালা সহজীকরণ, দক্ষতা উন্নয়ন, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে পিটিএ এবং এফটিএ স্বাক্ষরের পাশাপাশি আঞ্চলিক অর্থনৈতিক সংস্থাসমূহে নিজেদের অন্তর্ভুক্তি একান্ত অপরিহার্য বলে মত দিয়েছেন ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান। গতকাল ঢাকা চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'প্রতিযোগিতামূলক শুল্ক কাঠামো : প্রেক্ষিত স্বল্পোন্নত দেশের উত্তরণ' শীর্ষক ওয়ার্কশপে তিনি এ অভিমত ব্যক্ত করেন। ডিসিসিআই আয়োজিত ওয়ার্কশপে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের যুগ্ম প্রধান মশিউল ইসলাম।

দেশ রূপান্তর
বৃহস্পতিবার, ২৭ অক্টোবর ২০২২

ডিসিসিআই'র ওয়ার্কশপ

# শুল্ক কাঠামোর সংস্কার জরুরি

নিজস্ব প্রতিবেদক

এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার, নীতিমালা সহজীকরণ, দক্ষতা উন্নয়ন, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে পিটিএ এবং এফটিএ স্বাক্ষরের পাশাপাশি আঞ্চলিক অর্থনৈতিক সংস্থাসমূহে নিজেদের অন্তর্ভুক্তি অপরিহার্য বলে মত প্রকাশ করেন, ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান। গতকাল বুধবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'প্রতিযোগিতামূলক শুল্ক কাঠামো : প্রেক্ষিত স্বল্পোন্নত দেশের উত্তরণ' শীর্ষক ওয়ার্কশপে তিনি এ অভিমত ব্যক্ত করেন।

ডিসিসিআই আয়োজিত ওয়ার্কশপে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের যুগ্ম প্রধান মো. মশিউল ইসলাম। অনুষ্ঠানে আরও আলোচনা করেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের সদস্য শীষ হায়দার চৌধুরী, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ফারহানা আইরিছ এবং জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব ড. মো. নিয়োমুল ইসলাম। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বলেন, এলডিসি উত্তরণের পর আন্তর্জাতিক বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ শুল্কমুক্ত সুবিধা হারাবে এবং দেশে উৎপাদিত পণ্য বহির্বিশ্বে রপ্তানির ক্ষেত্রে প্রায় ৮ থেকে ১৬ শতাংশ শুল্ক প্রদান করতে হবে। এটি রপ্তানির

তিনি বলেন, স্থানীয় শিল্পের সুরক্ষায় পণ্য আমদানির ক্ষেত্রে বর্তমানে চলমান নিয়ন্ত্রণমূলক শুল্ক কাঠামোতে উল্লেখজনক হারে পরিবর্তন নিশ্চিত করতে হবে, একই সঙ্গে আমাদের স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং পণ্য বহুমুখীকরণের মাধ্যমে ভ্যালু এডিশন নিশ্চিতকরণের কোনো বিকল্প নেই। সার্বিক অবস্থা বিবেচনায়, সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সম্মিলিত প্রচেষ্টা, দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার ও অটোমেশন নিশ্চিতকরণ, নীতিমালা সহজীকরণ, দ্রুততম সময়ে ও হয়রানিমুক্তভাবে উদ্যোক্তাদের সরকারি সেবাপ্রাপ্তির পাশাপাশি আঞ্চলিক অর্থনৈতিক সংস্থায় নিজেদের অন্তর্ভুক্তিতে উদ্যোগ গ্রহণ একান্ত অপরিহার্য বলে মত প্রকাশ করেন ডিসিসিআই সভাপতি।

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
বৃহস্পতিবার, ২৭ অক্টোবর ২০২২

# এলডিসি চ্যালেঞ্জ মোকাবিলায় আমদানি শুল্ক কমানোর দাবি

**অর্থনৈতিক রিপোর্টার :** স্বল্পোন্নত দেশের (এলডিসি) চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশকে আমদানি শুল্ক হার কমাতে হবে। এক্ষেত্রে ভ্যাট ও আয়করের ওপর বেশি প্রাধান্য দিতে হবে বলে মন্তব্য করেছেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) প্রথম সচিব ড. মো. নেয়ামুল ইসলাম। তিনি বলেন, বর্তমানে দেশের মোট রাজস্বের ৩৪ শতাংশ আসে আমদানি শুল্ক হতে। গতকাল বুধবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'প্রতিযোগিতামূলক শুল্ক কাঠামো: প্রেক্ষিত স্বল্পোন্নত দেশের উত্তরণ' শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ঢাকা চেম্বারের সদস্যভুক্ত প্রতিষ্ঠানের ৫০ জন প্রতিনিধি ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। নেয়ামুল ইসলাম বলেন, চলতি অর্থবছরের বাজেটে ৬টি পণ্যের আমদানি শুল্ক হার কমানো হয়েছে এবং আরো ৬০টি পণ্যের আমদানি শুল্ক কমানোর লক্ষ্যে এনবিআর কাজ করছে, তবে এক্ষেত্রে রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা যেন ব্যাহত না হয় সে বিষয়েও লক্ষ্য রাখা হচ্ছে। এলডিসি'র চ্যালেঞ্জ মোকাবিলায় স্থানীয় শিল্পের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির কোনো বিকল্প নেই বলে তিনি অভিমত ব্যক্ত করেন। এসময় ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বলেন, এলডিসি উত্তরণের পর আন্তর্জাতিক বাজারে পণ্য রফতানির ক্ষেত্রে বাংলাদেশ শুল্কমুক্ত সুবিধা হারাবে এবং দেশে উৎপাদিত পণ্য বহির্বিশ্বে রফতানির ক্ষেত্রে প্রায় ৮-১৬ শতাংশ শুল্ক দিতে হবে, যা আমাদের রফতানির সক্ষমতাকে মারাত্মক ব্যাহত করবে। তিনি বলেন, স্থানীয় শিল্পের সুরক্ষায় পণ্য আমদানির ক্ষেত্রে বর্তমানে চলমান নিয়ন্ত্রণমূলক শুল্ক কাঠামোতে উল্লেখজনক হারে পরিবর্তন নিশ্চিত করতে হবে, একই সঙ্গে আমাদের স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং পণ্য বহুমুখীকরণের মাধ্যমে ভ্যালু এডিশন নিশ্চিতকরণের কোনো বিকল্প নেই। বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ফারহানা আইরিছ বলেন, শুল্ক কাঠামো সহজীকরণের পাশাপাশি আমাদেরকে রফতানির পরিমাণ বাড়ানো ও পণ্য বহুমুখীকরণের ওপর নজর দিতে হবে, কারণ বর্তমানে আমাদের রফতানি ও আমদানির মধ্যে বিশাল ঘাটতি রয়েছে।

ডিসিসিআই আয়োজিত ওয়ার্কশপে উপস্থাপনায় ছিলেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের যুগ্ম প্রধান মো. মশিউল ইসলাম। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সংস্থাটির সদস্য শীষ হায়দার চৌধুরী প্রমুখ।

দৈনিক বাংলা
বৃহস্পতিবার, ২৭ অক্টোবর ২০২২

### এলডিসি উত্তরণ

# চ্যালেঞ্জ মোকাবিলায় শুল্ক কাঠামোর সংস্কার জরুরি

প্রতিবেদক, দৈনিক বাংলা

এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার, নীতিমালা সহজীকরণ, দক্ষতা উন্নয়ন, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে পিটিএ এবং এফটিএ স্বাক্ষরের পাশাপাশি আঞ্চলিক অর্থনৈতিক সংস্থাগুলোতে নিজেদের অন্তর্ভুক্তি একান্ত অপরিহার্য।

গতকাল বুধবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'প্রতিযোগিতামূলক শুল্ক কাঠামো: প্রেক্ষিত স্বল্পোন্নত দেশের উত্তরণ' শীর্ষক ওয়ার্কশপে সংগঠনটির সভাপতি রিজওয়ান রাহমান এ অভিমত ব্যক্ত করেন। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের যুগ্ম প্রধান মশিউল ইসলাম। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের সদস্য শীষ হায়দার চৌধুরী, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ফারহানা আইরিছ এবং জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) প্রথম সচিব ড. নিয়োমুল ইসলাম।

ঢাকা চেম্বারের সভাপতি বলেন, 'এলডিসি উত্তরণের পর আন্তর্জাতিক বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ শুল্কমুক্ত সুবিধা হারাবে এবং দেশে উৎপাদিত পণ্য বহির্বিশ্বে রপ্তানির ক্ষেত্রে প্রায় ৮ থেকে ১৬ শতাংশ শুল্ক প্রদান করতে হবে, যা আমাদের রপ্তানির সক্ষমতাকে মারাত্মকভাবে ব্যাহত করবে।' তিনি বলেন, স্থানীয় শিল্পের সুরক্ষায় পণ্য আমদানির ক্ষেত্রে বর্তমানে চলমান নিয়ন্ত্রণমূলক শুল্ক কাঠামোতে উল্লেখজনক হারে পরিবর্তন নিশ্চিত করতে হবে, একই সঙ্গে স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং পণ্য বহুমুখীকরণের মাধ্যমে ভ্যালু এডিশন নিশ্চিতকরণের কোনো বিকল্প নেই। সার্বিক অবস্থা বিবেচনায় সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সম্মিলিত প্রচেষ্টা, দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার ও অটোমেশন নিশ্চিতকরণ, নীতিমালা সহজীকরণ, দ্রুততম সময়ে ও হয়রানিমুক্তভাবে উদ্যোক্তাদের সরকারি সেবা প্রাপ্তি, শ্রমিক ও উদ্যোক্তাদের দক্ষতা এবং সক্ষমতা উন্নয়ন, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে পিটিএ এবং এফটিএ স্বাক্ষরের পাশাপাশি আঞ্চলিক অর্থনৈতিক সংস্থায় নিজেদের অন্তর্ভুক্তিতে উদ্যোগ গ্রহণ একান্ত অপরিহার্য বলে মত প্রকাশ করেন ডিসিসিআই সভাপতি।

মূল প্রবন্ধে মশিউল ইসলাম বলেন, গত অর্থবছর বাংলাদেশ ৫২ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য রপ্তানি করেছে এবং সর্বোচ্চ রপ্তানীকৃত ২০টি পণ্যের মধ্যে ১৮টিই শুল্ক ও কোটামুক্ত সুবিধা ভোগ করেছে। এলডিসি উত্তরণের পর আমাদের উদ্যোক্তারা এ সুবিধা প্রাপ্তি হতে বঞ্চিত হবেন। এমতাবস্থায় বৈশ্বিক বাজারের চ্যালেঞ্জ মোকাবিলায় বেসরকারি খাতকে দক্ষতা ও সক্ষমতা বাড়াতে এখনই কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে বাণিজ্য সহযোগী দেশসমূহের সঙ্গে দ্রুততম সময়ে মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর (এফটিএ) এবং আঞ্চলিক অর্থনৈতিক ব্লকগুলোর সঙ্গে বাংলাদেশের অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ একান্ত অপরিহার্য বলে তিনি মত প্রকাশ করেন।

আন্তর্জাতিক বিনিয়োগ আকর্ষণ ও স্থানীয় শিল্পায়নকে বেগবান করতে দেশের সার্বিক রাজস্ব এবং শুল্ক কাঠামোর আমূল সংস্কার ও অটোমেশন ব্যবস্থা নিশ্চিতকরণের ওপর তিনি গুরুত্বারোপ করেন। এ ছাড়াও পরিবর্তিত বৈশ্বিক বাণিজ্যের চ্যালেঞ্জ মোকাবিলায় দেশে একটি 'ন্যাশনাল ট্যারিফ পলিসি' প্রণয়ন করার প্রয়োজন রয়েছে বলে তিনি জানান। একই সঙ্গে আমাদের রপ্তানীকৃত পণ্যের বহুমুখীকরণের মাধ্যমে ভ্যালু অডিশনের ওপর আরো বেশি হারে মনোনিবেশ করার জন্য উদ্যোক্তাদের প্রতি তিনি আহ্বান জানান।



গতকাল ডিসিসিআইয়ের কর্মশালায় সংগঠনটির সভাপতি রিজওয়ান রাহমান বক্তব্য দেন। ছবি: সংগৃহীত

প্রচার সংখ্যায় সর্বশীর্ষে
দৈনিক জনকণ্ঠ
স্বাতন্ত্র্য ও নিরপেক্ষতায় সচেষ্ট The daily janakantha
বৃহস্পতিবার, ২৭ অক্টোবর ২০২২

# রাজস্ব ও শুল্ক কাঠামোর সংস্কার দাবি

**অর্থনৈতিক রিপোর্টার ॥** এলডিসি উত্তরণের পর পণ্য রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ শুল্কমুক্ত সুবিধা হারাবে বলে জানিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি রিজওয়ান রাহমান। তিনি বলেন, দেশে উৎপাদিত পণ্য বহির্বিশ্বে রপ্তানির ক্ষেত্রে প্রায় ৮- ১৬ শতাংশ শুল্ক প্রদান করতে হবে, যা দেশের রপ্তানি সক্ষমতাকে মারাত্মকভাবে ব্যাহত করবে। এলডিসি উত্তরণের এ চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার প্রয়োজন।

বুধবার ডিসিসিআই আয়োজিত 'প্রতিযোগিতামূলক শুল্ক কাঠামো : প্রেক্ষিত স্বল্পোন্নত দেশের উত্তরণ' শীর্ষক ওয়ার্কশপে এসব কথা বলেন তিনি। তিনি বলেন, এলডিসি উত্তরণের পর নীতিমালা সহজীকরণ, দক্ষতা উন্নয়ন, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে পিটিএ এবং এফটিএ স্বাক্ষরের পাশাপাশি আঞ্চলিক অর্থনৈতিক সংস্থাগুলোতে নিজেদের অন্তর্ভুক্তি অপরিহার্য। তিনি আরও বলেন, স্থানীয় শিল্পের সুরক্ষায় পণ্য আমদানির ক্ষেত্রে বর্তমানে চলমান নিয়ন্ত্রণমূলক শুল্ক কাঠামোতে উল্লেখজনক হারে পরিবর্তন করতে হবে। একইসঙ্গে স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং পণ্য বহুমুখীকরণের মাধ্যমে ভ্যালু এডিশন নিশ্চিতেরও কোনো বিকল্প নেই। ওয়ার্কশপে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের যুগ্ম প্রধান মো. মশিউল ইসলাম। আরও উপস্থিত ছিলেন ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের সদস্য শীষ হায়দার চৌধুরী, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (ডব্লিউটিও সেল, পরিচালক-৩) ফারহানা আইরিছ এবং জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) প্রথম সচিব (শুল্ক রেয়াত ও প্রকল্প সুবিধা) ড. মো. নিয়ামুল ইসলাম।

মো. মশিউল ইসলাম বলেন, গত অর্থবছর বাংলাদেশ ৫২ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য

> **এলডিসি চ্যালেঞ্জ মোকাবিলায় ঢাকা চেম্বারের আলোচনা**

রপ্তানি করেছে এবং সর্বোচ্চ রপ্তানিকৃত ২০ পণ্যের মধ্যে ১৮টিই শুল্ক ও কোটামুক্ত সুবিধা ভোগ করেছে। এলডিসি উত্তরণের পর উদ্যোক্তারা এ সুবিধা থেকে বঞ্চিত হবে। এ অবস্থায় বৈশ্বিক বাজারের চ্যালেঞ্জ মোকাবিলায় বেসরকারি খাতের দক্ষতা ও সক্ষমতা বাড়াতে এখনই কার্যকর উদ্যোগ গ্রহণের পরামর্শ দেন তিনি। একইসঙ্গে আন্তর্জাতিক বিনিয়োগ আকর্ষণ ও স্থানীয় শিল্পায়নকে আরও গতিশীল করতে দেশের সার্বিক রাজস্ব ও শুল্ক কাঠামো সংস্কারের ওপর জোরারোপ করেন তিনি। এছাড়াও পরিবর্তিত বৈশ্বিক বাণিজ্যের চ্যালেঞ্জ মোকাবিলায় 'ন্যাশনাল ট্যারিফ পলিসি' প্রণয়নের প্রয়োজন রয়েছে বলেও মত দেন মশিউল ইসলাম।

বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের সদস্য শীষ হায়দার চৌধুরী বলেন, কোভিড মহামারী, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ এবং বৈশ্বিক অর্থনৈতিক মন্দা দেশের এলডিসি উত্তরণের পরিস্থিতিতে জটিল করেছে। এ সমস্যা সমাধানে বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে এফটিএ এবং পিটিএ স্বাক্ষরের লক্ষ্যে ইতোমধ্যে বেশকিছু গবেষণা পরিচালনা করেছে সরকার।

বাস্তবভিত্তিক শুল্ক কাঠামো প্রণয়নে দেশের সরকারি ও বেসরকারি খাতকে একযোগে কাজ করার আহ্বান জানান তিনি। তিনি আরও বলেন, আমাদের জিডিপিতে করের অবদান মাত্র ৭.৯ শতাংশ, যা মোটেই গ্রহণযোগ্য নয়। এলডিসি উত্তরণের পর রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণে সরকারকে আরও অধিক হারে ভ্যাট ও কর আহরণের ওপর নজর দিতে হবে। বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ফারহানা আইরিছ বলেন, আমাদের রপ্তানি ও আমদানির মধ্যে বিশাল ঘাটতি রয়েছে। এ অবস্থায় শুল্ক কাঠামো সহজীকরণের পাশাপাশি আমাদের রপ্তানির পরিমাণ বাড়ানো ও পণ্য বহুমুখীকরণের ওপর নজর দিতে হবে।

আমাদের অর্থনীতি

# এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবেলায় শুল্ক কাঠামোর আমূল পরিবর্তন করার দাবি ডিসিসিআই সভাপতির




**মো. আখতারুজ্জামান :** এলডিসি উত্তোরণের চ্যালেঞ্জ মোকাবেলায়দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার, নীতিমালা সহজীকরণ, দক্ষতা উন্নয়ন, বাণিজ্য সহযোগী দেশগুলোর সাথে পিটিএ এবং এফটিএ স্বাক্ষরের পাশাপাশি আঞ্চলিক অর্থনৈতিক সংস্থাসমূহে নিজেদের অর্ন্তভূক্তিএকান্ত অপরিহার্য বলে মত প্রকাশ করেন, ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান। বুধবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত প্রতিযোগিতামূলক শুল্ক কাঠামো : প্রেক্ষিত স্বল্পোন্নত দেশের উত্তরণ' শীর্ষক ওয়ার্কশপে তিনি এ অভিমত ব্যক্ত করেন। ডিসিসিআই আয়োজিত ওয়ার্কশপে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের যুগ্ম প্রধান মো. মশিউল ইসলাম, যেখানে নির্ধারিত আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের সদস্য শীষ হায়দার চৌধুরী, এনডিসি, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (ডব্লিউটিও সেল, পরিচালক-৩) ফারহানা আইরিছ এবং জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)'র প্রথম সচিব (শুল্ক রেয়াত ও প্রকল্প সুবিধা) ড. মো. নিয়োমুল ইসলাম।

ওয়ার্কশপের উদ্বোধনী বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান বলেন, এলডিসি উত্তোরণের পর আর্ন্তজাতিক বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ শুল্কমুক্ত সুবিধা হারাবে এবং দেশে উৎপাদিত পণ্য বর্হিবিশ্বে রপ্তানির ক্ষেত্রে প্রায় ৮%-১৬% শুল্ক প্রদান করতে হবে, যা আমাদের রপ্তানির সক্ষমতাকে মারাত্নকভাবে ব্যাহত করবে। তিনি বলেন, স্থানীয় শিল্পের সুরক্ষায় পণ্য আমদানির ক্ষেত্রে বর্তমানে চলমান নিয়ন্ত্রণমূলক শুল্ক কাঠামোতে উল্লেখজনক হারে পরিবর্তন নিশ্চিত করতে হবে, একই সাথে আমাদের স্থানীয় উদ্যোক্তাদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং পণ্য বহুমুখীরণের মাধ্যমে ভ্যালু এডিশন নিশ্চিতকরনের কোন বিকল্প নেই। সার্বিক অবস্থা বিবেচনায়, সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সম্মিলিত প্রচেষ্টা, দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার ও অটোমেশন নিশ্চিতকরণ, নীতিমালা সহজীকরণ,

এরপর পৃষ্ঠা ২, সারি ৩

(প্রথম পৃষ্ঠার পর) দ্রুততম সময়ে ও হয়রানিমুক্ত ভাবে উদ্যোক্তাদের সরকারি সেবা প্রাপ্তি, শ্রমিক ও উদ্যোক্তাদের দক্ষতা এবং সক্ষমতা উন্নয়ন, বাণিজ্য সহযোগী দেশগুলোর সাথে পিটিএ এবং এফটিএ স্বাক্ষরের পাশাপাশি আঞ্চলিক অর্থনৈতিক সংস্থায় নিজেদের অন্তর্ভূক্তিতে উদ্যোগ গ্রহণ একান্ত অপরিহার্য বলে মত প্রকাশ করেন, ডিসিসিআই সভাপতি।

ওয়ার্কশপে মূল প্রবন্ধেউপস্থাপনকালে মো. মশিউল ইসলাম বলেন, গত অর্থবছর বাংলাদেশ ৫২বিলিয়ন মার্কিন ডলারের পণ্য রপ্তানি করেছে এবং সর্বোচ্চ রপ্তানিকৃত ২০টি পণ্যের মধ্যে ১৮টিই শুল্ক ও কোটামুক্ত সুবিধা ভোগ করেছে। এলডিসি উত্তোরণের পর আমাদের উদ্যোক্তারা এ সুবিধা প্রাপ্তি হতে বঞ্চিত হবেন, এমতাবস্থায় বৈশ্বিক বাজারের চ্যালেঞ্জ মোকাবেলায় বেসরকারিখাতকে দক্ষতা ও সক্ষমাত বাড়াতে এখনই কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। এলক্ষ্যে বাণিজ্য সহযোগী দেশসমূহের সাথে দ্রুততম সময়ে মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর (এফটিএ) এবং আঞ্চলিক অর্থনৈতিক ব্লক গুলোর সাথে বাংলাদেশের অন্তর্ভূক্তি নিশ্চিতকরণ একান্ত অপরিহার্য বলে তিনি মত প্রকাশ করেন। আন্তর্জাতিক বিনিয়োগ আকর্ষণ ও স্থানীয় শিল্পায়নকে বেগবান করতে দেশের সার্বিক রাজস্ব এবং শুল্ক কাঠামোর আমূল সংস্কার ও অটোমেশন ব্যবস্থা নিশ্চিতকরনের উপর তিনি জোরারোপ করেন।এছাড়াও পরিবর্তিত বৈশ্বিক বাণিজ্যের চ্যালেঞ্জ মোকাবেলায় দেশ একটি ন্যাশনাল ট্যারিফ পলিসি প্রণয়ন করার প্রয়োজন রয়েছে বলে অভিমত ব্যক্ত করেন মশিউল ইসলাম। একই সাথে আমাদের রপ্তানিকৃত পণ্যের বহুমুখীকরণের মাধ্যমে ভ্যালু অডিশনের উপর আরো বেশি হারে মনোনিবেশ করার জন্য উদ্যোক্তাদের প্রতি তিনি আহ্বান জানান।

বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের সদস্য শীষ হায়দার চৌধুরী, এনডিসি বলেন, বাস্তব ভিত্তিক শুল্ক কাঠামো প্রণয়নে দেশের সরকারি ও বেসরকারি খাতকে একযোগে কাজ করতে হবে। তিনি উল্লেখ করেন, কোভিড মহামারী, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, প্রাকৃতিক দূর্যোগ এবং বৈশ্বিক অর্থনৈতিক মন্দা অবস্থা বাংলাদেশের এলডিসি উত্তোরণের পরিস্থিতিতে জটিল করেছে। তিনি জানান, বাণিজ্য সহযোগী দেশগুলোর সাথে এফটিএ এবং পিটিএ স্বাক্ষরের লক্ষ্যে সরকার বেশ কিছু গবেষণা পরিচালনা করেছে এবং বিষয়টি নিয়ে ইতিবাচক মনোভাবে কাজ করছে। তিনি বলেন, আমাদের জিডিপিতে করের অবদান মাত্র ৭.৯ শতাংশ, যা মোটেই গ্রহণযোগ্য নয় এবং এলডিসি উত্তোরণের পর রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা পূরণে সরকারকে আরো অধিক হারে ভ্যাট ও কর আহরণের উপর নজর দিতে হবে, তিনি মত প্রকাশ করেন।

বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ফারহানা আইরিছ বলেন, শুল্ক কাঠামো সহজীকরণের পাশাপাশি আমাদেরকে রপ্তানির পরিমাণ বাড়ানো ও পণ্য বহুমুখীকরণের উপর নজর দিতে হবে, কারণ বর্তমানে আমাদের রপ্তানি ও আমদানির মধ্যে বিশাল ঘাটতি রয়েছে। তিনি জানান, ভুটান, নেপাল এবং শ্রীলংকার সাথে এফটিএ স্বাক্ষরের লক্ষ্যে সরকার গবেষণা চালিয়ে যাচ্ছে।

এনবিআরের প্রথম সচিব ড. মো. নিয়োমুল ইসলাম বলেন, বর্তমানেদেশের মোট রাজস্বের ৩৪ শতাংশ আসে আমদানি শুল্ক হতে এবং এলডিসি'র চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশকে আমদানি শুল্ক হারে উল্লেখজনক হ্রাস করতে হবে, সেক্ষেত্রে ভ্যাট ও আয়করের উপরবেশি হারে প্রাধান্য দিতে হবে। তিনি জানান, চলতি অর্থবছরের বাজেটে ৬টি পণ্যের আমদানি শুল্ক হার কমানো হয়েছে এবং আরো ৬০টি পণ্যের আমদানি শুল্ক হ্রাসের লক্ষ্যে এনবিআর কাজ করছে, তবে এক্ষেত্রে রাজস্ব আহরণের লক্ষ্যমাত্রা যেন ব্যাহত না হয় সে বিষয়েও লক্ষ্য রাখা হচ্ছে। এলডিসি'র চ্যালেঞ্জ মোকাবেলায় স্থানীয় শিল্পের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির কোন বিকল্প নেই বলে, তিনি অভিমত ব্যক্ত করেন।

কালবেলা

বৃহস্পতিবার, ২৭ অক্টোবর ২০২২

# শুল্ক কাঠামোর সংস্কার জরুরি

বাংলাদেশের সর্বোচ্চ রপ্তানিকৃত ২০টি পণ্যের মধ্যে ১৮টিই শুল্ক ও কোটামুক্ত সুবিধা পাচ্ছে। এলডিসি থেকে বের হওয়ার পর এ সুবিধা থাকবে না

## এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলা

**কালবেলা প্রতিবেদক**

স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় রাজস্ব ও শুল্ক কাঠামোর সংস্কার জরুরি। পাশাপাশি সহজ নীতিমালা, দক্ষতা উন্নয়ন, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে মুক্তবাণিজ্য চুক্তিতে যেতে হবে।

গতকাল বুধবার ঢাকা চেম্বার আয়োজিত ‘প্রতিযোগিতামূলক শুল্ক কাঠামো : প্রেক্ষিত স্বল্পোন্নত দেশের উত্তরণ’ শীর্ষক কর্মশালায় বক্তারা এসব কথা বলেন। কর্মশালায় প্রধান বক্তা ছিলেন ডিসিসিআইর সভাপতি রিজওয়ান রাহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের যুগ্মপ্রধান মো. মশিউল ইসলাম। এ ছাড়া কমিশনের সদস্য শীষ হায়দার চৌধুরী, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ফারহানা আইরিছ এবং এনবিআরের প্রথম সচিব (শুল্ক রেয়াত ও প্রকল্প সুবিধা) ড. মো. নিয়োমুল ইসলাম বক্তব্য দেন।

রিজওয়ান রাহমান বলেন, এলডিসি উত্তরণের পর আন্তর্জাতিক বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশকে ৮ থেকে ১৬ শতাংশ পর্যন্ত শুল্ক দিতে হবে, যা রপ্তানির সক্ষমতাকে ব্যাহত করবে। তিনি বলেন, স্থানীয় শিল্পের সুরক্ষায় পণ্য আমদানির ক্ষেত্রে নিয়ন্ত্রণমূলক শুল্ক কাঠামোতে পরিবর্তন আনতে হবে।

মূল প্রবন্ধে মশিউল ইসলাম বলেন, বাংলাদেশের সর্বোচ্চ রপ্তানিকৃত ২০টি পণ্যের মধ্যে ১৮টিই শুল্ক ও কোটামুক্ত সুবিধা ভোগ করেছে। এলডিসি থেকে বের হওয়ার পর এ সুবিধা থাকবে না। ফলে এখনই প্রস্তুতি নিতে হবে।

শীষ হায়দার চৌধুরী এনডিসি বলেন, বাস্তবভিত্তিক শুল্ক কাঠামো প্রণয়নে দেশের সরকারি-বেসরকারি খাতকে একযোগে কাজ করতে হবে।

ফারহানা আইরিছ বলেন, ভুটান, নেপাল এবং শ্রীলঙ্কার সঙ্গে এফটিএ স্বাক্ষরের লক্ষ্যে সরকার গবেষণা চালিয়ে যাচ্ছে।

নিয়োমুল ইসলাম বলেন, এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশকে আমদানি শুল্ক হার উল্লেখযোগ্য মাত্রায় কমাতে হবে।

ওয়ার্কশপটি সঞ্চালনা করেন ডিসিসিআই ঊর্ধ্বতন সহসভাপতি আরামন হক।

বাংলা ট্রিবিউন

# শুল্ক কাঠামোর আমূল সংস্কার জরুরি: ডিসিসিআই

এলডিসি উত্তরণের চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের রাজস্ব ও শুল্ক কাঠামোর আমূল সংস্কার, নীতিমালা সহজীকরণ, দক্ষতা উন্নয়ন, বাণিজ্য সহযোগী দেশগুলোর সঙ্গে পিটিএ এবং

FE The Financial Express
THURSDAY, 27 OCTOBER 2022

DCCI workshop

# Experts for competitive tariff structure in post-LDC period




**DCCI President Rizwan Rahman speaks at a workshop titled 'Competitive tariff structure: Post-LDC graduation context', organised by the DCCI in the city on Wednesday.**

Experts at a workshop on Wednesda1y underscored the need for competitive and rationalised tariff structure for the post-LDC period.

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) organised the workshop titled 'Competitive tariff structure: Post-LDC graduation context' in the city, said a press release.

In his speech, DCCI President Rizwan Rahman said that after the LDC graduation, Bangladesh will have to pay 8 to 16 per cent duty to the export-destination countries.

"Moreover, we will not be able to impose any supplementary (SD) and regulatory duty (RD) to safeguard local industries which is going to be a challenge," he said.

"At present, our average tariff structure is about 13.5 per cent, which is higher than Vietnam, Taiwan and Malaysia. We need to prepare ourselves in terms of enhancing productivity, cost minimisation, industry skills development, ease of doing business and cost of doing business," said the DCCI chief.

Presenting the keynote paper, Joint Chief of the Bangladesh Tariff Commission Md Mashiul Alam highlighted that Bangladesh is a resilient country and its export was US$50 billion last year.

"Even after the LDC graduation, Bangladesh has the capacity to adopt the challenges. But from now on, we have to go for regional integration for PTA, FTA and CEPA with potential trading partners to hold the market access," he said.

"It is true that our tariff line is not very competitive and is higher than many other countries, therefore we have no alternative but to rationalise it. In that case, sectoral tariff policy for at least five years will be helpful for our exporters and importers," he added.

Member of Bangladesh Trade and Tariff Commission Shis Haider Chowdhury said both the government and private sector should work jointly to make the tariff structure competitive.

He said, "Bangladesh will graduate from the LDC category in 2026 which is a good news for the country but recently we are going through a tough time due to Covid-led pandemic, Russia-Ukraine war, worldwide economic recession and natural disaster."

"Previously, we were reluctant about FTA but now the government is doing few studies to go for PTA and FTA," he added.

He said that Bangladesh's tax-to-GDP ratio is only 7.9 per cent which is not expected.

"After the graduation, we will have to go for tariff rationalisation and at the same time we will have to concentrate on VAT and tax collection to balance revenue generation," he added.

Director-3 (Joint Secretary) of the WTO Cell of the Ministry of Commerce Farhana Iris said, "We have to increase our export in line with tariff rationalisation. Still, we have a big gap between export and import and balance of payment. Government is conducting a study to sign FTA with Bhutan, Nepal and Sri Lanka. But maybe we will be able to continue subsidy in the agriculture sector till 2030."

Md. Neyamul Islam, First Secretary (Customs Exemption and Project Facilities), National Board of Revenue (NBR), said, "Since we will lose preferential access and duty-free, quota-free facility, we should increase our production capacity and attract FDI. Moreover, for a stable revenue generation, we need to focus on VAT and tax as well."

DCCI Senior Vice President Arman Haque chaired the workshop attended by around 50 DCCI-member companies.